

## সুস্থ হয়ে বাসায় ফিরলেন ববিতা

করোনাভাইরাসে আক্রান্ত হয়েছিলেন কিংবদন্তি অভিনেত্রী ববিতা। খবরটি গণমাধ্যমকে নিশ্চিত করেন ববিতার ছোট বোন অভিনেত্রী চম্পা। ১৮ জুলাই ঢাকার একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয় তাকে। ঢাকার একটি বেসরকারি হাসপাতালে চারদিন চিকিৎসাধীন থাকার পর তার করোনা নেগেটিভ হয়। এরপর চিকিৎসকের পরামর্শে তিনি বাসায় ফিরে যান। তবে শারীরিক দুর্বলতা এখনো কাটিয়ে উঠতে পারেননি এই কিংবদন্তি অভিনেত্রী।

## সৃজিতের শার্লক হোমস কে কে মেনন

বাংলা ভাষায় সিনেমা বানিয়ে পরিচিতি পেয়েছেন সৃজিত মুখোপাধ্যায়। আবারও সৃজিত পা রেখেছেন হিন্দি সিনেমার চত্বরে। বিশ্ববিখ্যাত গোয়েন্দা চরিত্র শার্লক হোমসের অনুপ্রেরণায় নতুন সিনেমার গল্প লিখেছেন তিনি। সৃজিতের নতুন সিনেমা 'শেখর হোম'-এর ফার্স্ট লুক ইতিমধ্যে মুক্তি পেয়েছে। সৃজিতের শার্লক হোমস হয়েছেন বলিউডের জনপ্রিয় অভিনেতা কে কে মেনন। ওয়াটসনের চরিত্রে দেখা যাবে রণবীর শোরেকে।







## নতুন বিজ্ঞাপনচিত্রে অপি করিম

দেশীয় শোবিজের পরিচিত মুখ অপি করিম। ভালো গল্প পেলে নাটক, টেলিফিল্ম, বিজ্ঞাপনচিত্র কিংবা ওয়েব সিরিজে অভিনয় করেন এই অভিনেত্রী। এবার নতুন একটি বিজ্ঞাপন চিত্রের কাজ করেন অপি করিম। তার সঙ্গে মডেল হিসেবে কাজ করেন নবাগত অভিনেতা আরেফিন জিলানী। আদনান আল রাজীবের পরিচালনায় ম্যাগি স্যুপের বিজ্ঞাপনটির কাজ শেষ করেন সম্প্রতি। এ সম্পর্কে অপি করিম জানান, 'বিজ্ঞাপনটির কাজ ভালো হয়েছে। আদনান আল রাজীব খুব যত্ন করে কাজটি করেছেন। তরুণ মডেল অভিনেতা জিলানীও বেশ ভালো কাজ করেছে। সব মিলিয়ে বিজ্ঞাপনটি দর্শকদের ভালো লাগবে।'

## আবারও ঢাকাই সিনেমায় ঋতুপর্ণা

টালিউড অভিনেত্রী ঋতুপর্ণা সেনগুপ্ত। দুই বাংলার আলোচিত এ অভিনেত্রীকে টালিউড কুইন বলা হয়। ফের ঢাকাই সিনেমাতে দেখা যাবে এই অভিনেত্রীকে। রাশিদ পলাশের নতুন ছবি 'তরী' সিনেমায় যুক্ত হয়েছেন তিনি। এমনটা গণমাধ্যমে নিশ্চিত করেছেন পরিচালক নিজেই। সিনেমায় ঋতুপর্ণা অভিনয় করবেন কাটপিসের যুগের একজন শিল্পীর চরিত্রে। আগামী সেপ্টেম্বরে ঢাকায় এসে শুটিংয়ে যোগ দেবেন অভিনেত্রী।



## ওটিটিতে মোশাররফ করিমের নতুন সিরিজ

ওটিটিতে নিয়মিতই অভিনয় করেন মোশাররফ করিম। তিনি ওসি হারুন চরিত্রে বাজিমাত করেছেন অনেক আগেই। এবার তিনি চরকির একটি সিরিজে আসছেন। সম্প্রতি এ নিয়ে চরকির সঙ্গে চুক্তি হয় মোশাররফ করিমের। চরকির নতুন অরিজিনাল সিরিজ 'আধুনিক বাংলা হোটেল' এ অভিনয় করবেন তিনি। সিরিজটি নির্মাণ করছেন তরুণ নির্মাতা কাজী আসাদ। পমাশাররফ করিম বলেন, 'এখানকার কন্টেন্ট বরাবরই দারুণ এবং চমকপ্রদ হয়, তাই আমারও ইচ্ছা ছিল তেমনই ইন্টারেস্টিং একটা গল্পের মাধ্যমে প্রথমবারের মতো চরকি সিরিজে অভিনয় করার। চমৎকার এই সিরিজ নিয়ে আমি বেশ আশাবাদী।'



## আলকাতরা ছুড়ে মারা হলো হলিউড তারকার গায়ে



হলিউড তারকা জেনিফার অ্যানিস্টনের গায়ে আলকাতরা ছুড়ে মারা হয়। একটি ছবিটি প্রিমিয়ার শো শেষে বের হওয়ার পর এই ঘটনা ঘটে। এ ঘটনায় ক্ষুব্ধ হয়েছেন এই অভিনেত্রী। এই ভিডিওটি আবার সোশ্যাল মিডিয়ায় ভাইরালও হয়। আর এই ভিডিও দেখে হতভম্ব হয়েছেন তার ভক্ত অনুরাগীরা। তবে ঘটনাটি আসলে পুরোটাই অভিনয়। ২৮ জুলাই ম্যানহাটনে জেনিফার তার চর্চিত সিরিজ ‘দ্য মর্নিং শো’র শুটিংয়ে গিয়েছিলেন। আর সেখানেই এই কাণ্ডটি দৃশ্যায়িত করা হয়। এদিন ‘ফ্রেন্ডস’ তারকা এমন এক দৃশ্যের শ্যুট করছিলেন, যেখানে তার চরিত্রের নাম ছিল অ্যালেক্স লেভি যাকে বিক্ষোভকারীরা ঘিরে ধরে এবং গায়ে আলকাতরা টাইপ কালো পদার্থ ছুড়ে মারে।

## এক যুগ পর চন্দ্রবিন্দুর নতুন অ্যালবাম

১৯৮৯ সালে চন্দ্রবিন্দুর যাত্রা শুরু, এ বছর পূর্ণ করল ৩৫ বছর। এ উপলক্ষ্যে নতুন অ্যালবাম প্রকাশের ঘোষণা দিয়েছে ব্যান্ডটি। চন্দ্রবিন্দু ছাড়া যেমন বাংলা ব্যঞ্জনবর্ণ অসম্পূর্ণ, তেমনি ‘চন্দ্রবিন্দু’ ব্যান্ড ছাড়া অসম্পূর্ণ রয়ে যায় বাংলা ব্যান্ডের ইতিহাস। চন্দ্রবিন্দুর প্রতিটি গানের সুর যেমন মনকাড়া, তেমনি কথার বৈচিত্র্য। অতি সিরিয়াস বিষয়কেও হাসির মোড়কে উপস্থাপনে জুড়ি নেই এ ব্যান্ডের।



## ‘জোকার ২’ সিনেমার দ্বিতীয় ট্রেলার প্রকাশ্যে

হলিউডের আলোচিত ছবি ‘জোকার’। মুক্তির অপেক্ষায় রয়েছে এর দ্বিতীয় কিস্তির ছবি ‘জোকার: ফোলি এ ডিউক্স’। এতে হোয়াকিন ফিনিক্সের সঙ্গে অভিনয় করেছেন জনপ্রিয় তারকা লেডি গাগা। টড ফিলিপস পরিচালিত সিনেমাটি ৪ অক্টোবরে বিশ্বব্যাপী মুক্তি পাচ্ছে। ২৩ জুলাই প্রকাশ্যে এসেছে সিনেমাটির দ্বিতীয় ট্রেলার। ছবির ট্রেলারে দেখানো হয়েছে, জেলে শাস্তি পাওয়ার পর ‘জোকার’ কারাগারে থাকলেও তার ভক্তরা মরতে প্রস্তুত। এই ভালোবাসার তালিকায় রয়েছে লেডি গাগা, যিনি আর্থার ফ্লেককে সাহায্য করেন এবং তার সঙ্গে অপরাধও করেন। দু’জনের অসাধারণ অভিনয়ের পাশাপাশি রোম্যান্স করতেও দেখা যাবে ছবিতে। তবে ভক্তেরা বিশ্বাস করেন যে গল্পে একটি টুইস্ট রয়েছে। কারণ, তাদের দু’জনকেই বাইরে থেকে নির্দোষ দেখাতে পারে। কিন্তু, তাদের ভিতরে লুকিয়ে আছে একজন বদমাশ।



## বিচ্ছেদের ঘোষণা দিলেন আরিফিন শুভ

২০১৫ সালের ফেব্রুয়ারিতে কলকাতার মেয়ে অর্পিতা সমাদ্দারের সঙ্গে বিয়ের বন্ধনে জড়ান অভিনেতা আরিফিন শুভ। সাড়ে নয় বছরের মাথায় এসে দাম্পত্য সম্পর্কে ইতি টানলেন তারা। ৩১ জুলাই সোশ্যাল



মিডিয়ায় বিবৃতি দিয়ে অর্পিতার সঙ্গে বিচ্ছেদের কথা জানান আরিফিন শুভ। গত ২০ জুলাই আনুষ্ঠানিকভাবে বিচ্ছেদে হয়েছে তাদের। ফেসবুকে আরিফিন শুভ লিখেছেন, ‘দেশের এমন পরিস্থিতিতে ব্যক্তিগত কোনো কিছু জানাতে যথেষ্ট দ্বিধা ও সংকোচ বোধ করছি। তারপরও মনে হলো, আপনাদের বিষয়টা জানানোর সময় এসেছে। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, আমি আর অর্পিতা-আমরা হয়তো বন্ধু হিসেবেই ঠিক আছি, জীবনসঙ্গী হিসেবে নয়।

## মায়ের গল্পে নুহাশ হুমায়ূনের সিরিজ

ভৌতিক গল্প নিয়ে নুহাশ হুমায়ূন বানিয়েছিলেন অ্যান্থলজি ওয়েব সিরিজ ‘পেটকাটা ষ’ যা ব্যাপক প্রশংসিত। তিনি এখন ব্যস্ত সিরিজের দ্বিতীয় সিজন নিয়ে। এবারও থাকছে চারটি গল্প। যার তিনটিই



লিখেছেন নুহাশের মা গুলতেকিন খান। এবারই প্রথম কোনো সিরিজের গল্প লিখলেন গুলতেকিন। এ বছরের শেষের দিকে ওটিটি প্ল্যাটফর্ম চরকিতে সিরিজটি মুক্তির পরিকল্পনা করা হচ্ছে।

## ইমরান মাহমুদুলের স্বপ্ন পূরণ করলেন হাবিব ওয়াহিদ

আধুনিক গানে নতুন এক ধারার প্রবর্তক জনপ্রিয় সংগীতশিল্পী হাবিব ওয়াহিদ। এখনো এ প্রজন্মের অনেকেই স্বপ্ন দেখেন হাবিব ওয়াহিদের সুরে গান গাইতে কিংবা জনপ্রিয় এ সুরস্রষ্টার সঙ্গে দ্বৈত গানে কণ্ঠ দিতে। জাতীয় চলচ্চিত্র প্ররস্কারপ্রাপ্ত এ প্রজন্মের শ্রোতাপ্রিয় সংগীতশিল্পী ইমরান মাহমুদুলেরও স্বপ্ন ছিল হাবিব ওয়াহিদের সুরে গান গাওয়ার। তন্ময় তানসেন পরিচালিত 'তুমি সন্ধ্যারও মেঘমালা' সিনেমায় 'রোমিও জুলিয়েট' শিরোনামে ইমরান প্রথমবার হাবিব ওয়াহিদের সুরে গান গেলেন।



## গাজার শিশুদের জন্য ২০ লাখ ডলার দিলেন অভিনেত্রী

ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা ভূখণ্ডে চলছে ইসরাইলি বাহিনীর বর্বরোচিত হামলা। হামলায় এ পর্যন্ত ৩৮ হাজারের বেশি ফিলিস্তিনিকে হত্যা করা হয়। এই সংঘাতে প্রায় ২০ হাজার শিশু পরিবার শূন্য হয়। নেটফ্লিক্সের জনপ্রিয় সিরিজ 'ব্রিজারটন'-এ পেনেলোপ ফেদারিংটন চরিত্রে অভিনয়ের মাধ্যমে বিশ্বজুড়ে পরিচিত লাভ করা আইরিশ অভিনেত্রী নিকোলা কফলান। সামাজিক যোগাযোগমাধ্যমের প্রচেষ্টায় ফিলিস্তিনের শিশুদের জন্য ২০ লাখ মার্কিন ডলার সংগ্রহ করে তা অনুদান করেছেন এই অভিনেত্রী।



## গানের জগতে ফিরলেন উইল স্মিথ

হলিউড অভিনেতা উইল স্মিথ আবারও ফিরলেন সংগীত ভুবনে। নিজের নতুন একক গান প্রকাশ্যে আনলেন স্মিথ। চারবারের গ্র্যামিজয়ী র‍্যাপার এবং অভিনেতা ২০১৭ সালের তার ইডিএম ট্র্যাক 'গেট লিট'-এর পর একক সংগীত থেকে বিরতিতে ছিলেন। ২৮ জুন স্মিথ 'ইউ ক্যান মেক ইট' শিরোনামের গানটি প্রকাশ করেন। সম্প্রতি স্মিথ সামাজিক মাধ্যমে 'ইউ ক্যান মেক ইট' থেকে পিয়ানো যন্ত্র বাজানোর একটি ক্লিপ শেয়ার করেছেন এবং ক্যাপশন লিখেছেন, 'আমার কিছু অন্ধকার মুহূর্তের মধ্য দিয়েও সংগীত সবসময় আমার সঙ্গে আছে। আমাকে উঠাতে এবং আমাকে বড় করতে সাহায্য করেছে। আমার বিনীত কামনা এই যে, সংগীত আপনাদের জন্যও একই রকম আনন্দ এবং আলো নিয়ে আসুক আপনাদের জীবনে।'



## অর্ধশতকে পা রাখলেন ধানুশ

দীর্ঘ অপেক্ষার পর মুক্তি পেল তামিলের তারকা ধানুশের ৫০তম সিনেমা 'রায়ান'। তামিল সিনেমাটিতে অভিনয়ের পাশাপাশি চিত্রনাট্য লেখা ও পরিচালনার কাজটিও করেন তিনি। ৫০তম সিনেমায় পা রেখে ধানুশ স্থাপন করেন নতুন নজির। রায়ানের নাম যুক্ত হলো তার ক্যারিয়ারে সর্বোচ্চ আয়ের ওপেনিং ডে তকমা নিয়ে। প্রথম দিনেই সিনেমাটির আয় করেছিল ১২ কোটি ৫০ লাখ রুপি। প্রতিবেদন অনুসারে, প্রথম দিনে কেবল তামিল সংস্করণ থেকেই রায়ণের আয় হয়েছে ১১ কোটি রুপি। তেলেগু সংস্করণ থেকে আয় ১ কোটি ৫০ লাখ রুপি।



## ৫০০ পরিবারের ইনস্যুরেন্সের দায়িত্ব নিলেন রামচরণ

দক্ষিণ ভারতের সুপারস্টার রামচরণ। তিনি শুধু পর্দার তারকা নন, মানবিক কাজেও তাকে পাওয়া যায় সব সময়। মানবিক কাজে আবারও সংবাদের শিরোনাম হলেন অভিনেতা। তিনি আর স্ত্রী উপাসনা কোনিদেলি ৫০০ ক্যান্সারে আক্রান্ত পরিবারের ইনস্যুরেন্সের দায়িত্ব নিয়েছেন। রামচরণ আর উপাসনার সঙ্গে ছবি পোস্ট করে কৃতজ্ঞতা জানিয়ে জানি লিখেছেন, 'কঠিন সময়ে যারা সাহায্যের হাত বাড়িয়ে দেন, তারাই ঈশ্বর। মনে আছে, ড্যান্সার ইউনিয়নের দাবি নিয়ে যখন তাদের কাছে গিয়েছিলাম, তখন পাশে দাঁড়িয়েছিলেন তারা।'

